

ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি ঃ

সিএনজি চালিত শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাবের (হলুদ) ভাড়া বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সিএনজি জ্বালানীর মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে সরকার কর্তৃক সিএনজি চালিত রেয়াতি হারে আমদানিকৃত শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাবের (হলুদ) ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে ঃ -

ক্রমিক নং	বিষয়	পূর্বের হার	বর্তমান হার
১।	প্রথম দুই কিঃ মিঃ ভাড়া	২০.০০ টাকা	৪০.০০ টাকা
২।	পরবর্তী প্রতি কিঃ মিঃ ভাড়ার হার	৮.০০ টাকা, এক-চতুর্থাংশ কিঃমিঃ বা অংশের জন্য ২ টাকা।	১০.০০ টাকা, এক-চতুর্থাংশ কিঃমিঃ বা অংশের জন্য ২.৫০ টাকা।
৩।	বিরতিকালের জন্য ভাড়ার হার	প্রতি ২(দুই) মিনিট ২.০০ টাকা	প্রতি ২(দুই) মিনিট ২.৫০ টাকা
৪।	সর্বনিম্ন ভাড়া	২০.০০ টাকা	৪০.০০ টাকা

রেয়াতি হারে আমদানিকৃত সংশ্লিষ্ট সকল সিএনজি চালিত শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সিক্যাবের (হলুদ) মালিক, অপারেটর ও চালককে আগামী ১৫ দিনের মধ্যে উল্লেখিত বর্তমান হার মিটারে পুনঃসংযোজন (ক্যালিব্রেশন) করে নিতে অনুরোধ করা যাচ্ছে। বর্তমান হার মিটারে পুনঃ সংযোজন না হওয়া পর্যন্ত ট্যাক্সিক্যাবের ভিতরে যাত্রীদের সহজে দৃশ্যমান স্থানে উপরি-উক্ত হার প্রদর্শন করতে হবে।

সংশ্লিষ্ট সকল মিটার সরবরাহকারী প্রতিষ্ঠানকে নতুন ভাড়ার হার আগামী ১৫ দিনের মধ্যে মিটারে সংযোজন করতে অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
বিআরটিএ